

মণ্ডলী ও কুটীর সহভাগীতা আঞ্চলিক সহযোগিতা করবে

যারা শিশুদের শিক্ষা দেন তাদের অবশ্যই অধ্যায় 11b অংশটি পাঠ করতে হবে

নহিমিয় ইস্রায়েলীয় বংশদের সংগঠিত করেছিলেন প্রাচীর পুনঃ প্রতিষ্ঠার কাজে। প্রত্যেক গোষ্ঠীর নিজের নিজের কাজের দায়িত্ব ছিল। তিনি প্রথমে ক্ষতিগ্রস্ত স্থান পরিদর্শন করেছিলেন এবং পরিকল্পনা তৈরী করেছিলেন, এরপর সেখানে কর্মী বাহিনী মোতায়েন করেছিলেন।



১. নিজেকে ঈশ্বরের বাক্য এবং প্রার্থনার দ্বারা প্রস্তুত করুন

“প্রিয় ঈশ্বর, আমাদের অঞ্চলের উপাসক মণ্ডলীকে উৎসাহিত করতে এবং এক সঙ্গে কাজ করার জন্যে এই শিক্ষাকে তুমি ব্যবহার কর।”

২ বংশাবলি ৩৩:১৫-২৩ পদে দেখুন, যিরুশালেম শহরে কি ঘটেছিল এবং কেন।

৭০ বছরের বেশি সময় পরে ইস্রায়েল জাতি যারা বাবিলনে বন্দী ছিল, তারা পারস্যের রাজা কোরসের সাহায্যে ঘরে ফিরতে শুরু করেছিল। যিরুশালেমের প্রাচীর পুনঃনির্মাণের কাজ শুরুর জন্য নহিমিয় ছটি পদক্ষেপ গ্রহণ করেছিল।

প্রথম পদক্ষেপ: লক্ষ্য এবং চাহিদা ঠিক করা। নহিমিয় ১ অধ্যায় দেখুন, কিভাবে নহিমিয় যিরুশালেমের দুর্দশা গ্রন্থদের সম্মুখীন হয়েছিলেন।

- নহিমিয় প্রথমে প্রশ্ন করার মধ্য দিয়ে যিরুশালেমের ক্ষতি সম্বন্ধে জানলেন। তিনি যা মন দিয়ে শুনেছিলেন তার প্রত্যুত্তর কিভাবে দিয়েছিলেন? (৪ পদ দেখুন)
- নহিমিয় তার লোকদের অপরাধ স্বীকার করেছিলেন যেগুলি তার দেশে অনেক কষ্ট নিয়ে এসেছিল। কার পাপ তিনি মুক্ত করেছিলেন? (৬ পদ দেখুন)

দ্বিতীয় পদক্ষেপ: জ্ঞানের জন্য প্রার্থনা যেগুলো আপনি বিভিন্ন ঘটনাতে অনুসন্ধান করতে পারবেন। ২ অধ্যায় দেখুন, ইস্রায়েলীয় লোকদের সাহায্য করার জন্য নহিমিয় নিজেকে কিভাবে প্রস্তুত করেছিল।

তৃতীয় পদক্ষেপ: দায়িত্ব ভার উত্তম রূপে বন্টন। ৩ অধ্যায় দেখুন, নহিমিয় কিভাবে এই বিরাট কাজ পরিচালনা করেছিলেন, যাতে প্রত্যেকে তার যোগ্যতা অনুসারে এই কাজে অংশগ্রহণ করতে পারে।

চতুর্থ পদক্ষেপ: অন্যায় এবং বিরোধীদের বিরুদ্ধে দৃঢ় রূপে মোকাবিলা।

- চতুর্থ অধ্যায়ে দেখুন কিভাবে নহিমিয় বিরোধীদের সঙ্গে স্বাক্ষাৎ করেছিলেন। (তিনি প্রার্থনা করেছিলেন। প্রত্যেকে কঠোর পরিশ্রম করেছিলেন। তিনি দুর্বল জায়গাগুলির প্রতি দৃষ্টিপাত করেছিলেন। তিনি কর্মীদের ঈশ্বরে বিশ্বাস করতে এবং নিজের অংশের কাজ করতে উৎসাহিত করতেন। তিনি এবং তার লোকেরা সম্পূর্ণ উৎসর্গের একটা উদাহরণ স্থাপন করেছিলেন।)
- ৫ অধ্যায়ে কিভাবে এই খ্রীষ্টিয়ান নেতারা ঈশ্বরের লোকদের জীবনে ন্যায় এনে দিয়েছিলেন।
- কি কি অবিচার নহিমিয় ও তাঁর লোকেরা স্বেচ্ছায় বন্ধ করিয়েছিলেন? ৭ এবং ১৫ পদ দেখুন।

পঞ্চম পদক্ষেপ: মিথ্যা এবং নিন্দার বিরুদ্ধে বলিষ্ঠ হয়ে দাঁড়ান। ৬ অধ্যায় দেখুন কিভাবে নহিমিয় এবং তার সহকর্মীরা এই কার্যকলাপের মাধ্যমে ঈশ্বরকে গৌরবান্বিত করতে অধ্যাবসায়ী ছিলেন।

- কিভাবে নহিমিয় শত্রুদের বিক্ষিপ্ত করা বা আতঙ্কিত করাকে পরিহার করেছিলেন? ১১-১৪ পদ দেখুন।
- ১০০ বছরে প্রাচীর ভেঙ্গে পরেছিল। ঈশ্বরের সহায়তায় কত দিনে সেই প্রাচীর পুনঃনির্মিত হয়েছিল? ১৫ পদ দেখুন।
- ইস্রায়েলের ঈশ্বর সম্বন্ধে এটি শত্রুদের কি শিক্ষা দিয়েছিল? ১৬ পদ দেখুন।

ষষ্ঠ পদক্ষেপ : কর্ম পরিকল্পনা সম্পূর্ণ হবার জন্য ঈশ্বরকে গৌরবান্বিত করুন। নহিমিয় ৮ঃ২-১২ এবং ৯ঃ১-৫ পদে দেখুন তাঁর সন্তানদের উপর কিভাবে আশীর্বাদ বর্ষন করেছিলেন।

২. এই সপ্তাহে যা যা করবেন সেই সম্বন্ধে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন

সেই সমস্ত কার্যকলাপ পছন্দ করুন যেগুলির সঙ্গে স্থানীয় মানুষদের চাহিদার মিল আছে।

- প্রশ্নের মাধ্যমে খুঁজে বার করার চেষ্টা করুন সম্প্রদায় এবং অন্য স্থানের উপাসকমণ্ডলীর চাহিদাগুলি।
- অন্য দলের নেতৃবর্গের সঙ্গে সাক্ষাৎ করে একসঙ্গে কাজ করার পরিকল্পনা করুন এবং অন্য স্থানের দুঃস্থ মানুষদের সাহায্য পাঠান।
- ঈশ্বরের জন্য মহান কার্যকলাপের ব্যবস্থা ও সম্পূর্ণ করার জন্য নহিমিয়ের কার্যকলাপগুলি অনুসরণ করুন।

৩. আসন্ন উপাসনার জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন

অনুষ্ঠানের সঙ্গে মিল আছে এরূপ কার্যকলাপ পছন্দ করুন।

উপাসনার সময় প্রার্থনা করুন। ঈশ্বরের কাছে পাপস্বীকার করুন। তাঁকে বলুন অন্যদের চাহিদা আপনাকে দেখানোর জন্য। বিভিন্ন দলের খ্রীষ্টিয়ানদের সংযুক্ত করার জন্য ঈশ্বরকে বলুন, যেন তারা একসঙ্গে কাজ করার মধ্যে ঈশ্বরের পরিচর্যা করতে পারে।

নিজের দলের বাইরে অন্যদের চাহিদা পূরণের জন্য খ্রীষ্টিয়ানদের একত্রিত করে কাজ করানোর জন্য ঈশ্বরের প্রশংসা করুন। বিগত সপ্তাহের কাজের রিপোর্ট ও সাক্ষ্য দিতে বলুন।

নহিমিয় ১ ও ২ অধ্যায়ের সম্পর্কযুক্ত করার জন্য একজন সহকর্মীকে প্রস্তুত করুন। প্রথমে সবাইকে বলুন শুনতে এবং লিখতে যে কিভাবে নহিমিয় তার লোকদের চাহিদা জেনেছিলেন এবং তারপর কাজের জন্য নিজেকে প্রস্তুত করেছিলেন। গল্পটি বলার পর বিশ্বাসীদের জিজ্ঞাসা করুন যে তারা এই গল্প থেকে কি কি খুঁজে পেয়েছে। (উত্তর প্রথম অংশে পাওয়া যাবে)।



নহিমিয় এই কার্যকলাপ নিয়ে বিরোধীদের সঙ্গে যে আচরণ করেছিলেন তার আজ বিশেষ নাট্যরূপ দান করুন।

নহিমিয় : “আমাদের শহরের প্রাচীর পুনঃনির্মাণ করতে ঈশ্বর আমাদের সাহায্য করবেন।”

সন্বল্লট : নহিমিয়ের পিছনে রটনা করছিল, সে হঠাৎ ঘুরে বলল “তোমার কাজ বন্ধ কর। এটা তোমার পক্ষে খুবই বৃহৎ কাজ।”

নহিমিয় : “ঈশ্বর আমাকে এই কাজ সম্পূর্ণ করার জন্য দিয়েছেন। তুমি চলে যাও।”

সন্বল্লট : “তুমি কখনই সফল হবে না। আমাদের সঙ্গে এস।”

“একটা গুরুত্বপূর্ণ সভার জন্য আমাদের তোমাকে প্রয়োজন।”

নহিমিয়ঃ “আমরা মহান কাজ করছি। আমি থামাতে পারব না। আমি যখন সভাতে যাব, তখন কাজ বন্ধ থাকবে কেন?”

সনবল্লটঃ “আপনি এখানে অনেক বেশী ঝুঁকি নিচ্ছেন!”

নহিমিয়ঃ “ঈশ্বর আমাদের সুরক্ষা করবেন।”

শিশুদের কবিতা, নাটক এবং প্রশাবলী উপস্থাপন করতে দিন, যা তারা প্রাপ্ত বয়স্কদের জন্য প্রস্তুত করেছে।

প্রভুর ভোজ সম্পাদনের জন্য নহিমিয় ২ঃ১-৫ পদ পাঠ করুন। ব্যাখ্যা করুন, নহিমিয় রাজার কাছে পানপাত্র নিয়ে এসেছিলেন, কিন্তু আমরা যখন প্রভুর মেজের কাছে আসি, তখন আমাদের রাজা যীশু আমাদের কাছে তাঁর পানপাত্র নিয়ে আসেন। তাঁর রক্ত আমাদের পাপের ক্ষমা এবং আমাদের রাজা ঈশ্বরের সঙ্গে আমাদের সম্পর্ক নিয়ে আসেন।

প্রার্থনা করার জন্য এবং তারা যে সকল চ্যালেঞ্জ গ্রহণ করেছে, ঈশ্বরের জন্য সেই সকল কাজ এক সঙ্গে করার জন্য লোকদের সংগঠিত করার বিষয়ে আপনি সপ্তাহব্যাপী যে সকল কার্যকলাপের পরিকল্পনা করেছেন তা ঘোষণা করুন।

মুখস্থ পদঃ ২ বংশাবলি ৭ঃ১৪

দু-তিন জনের কয়েকটি দলে পরস্পরকে সাহায্য করুন। প্রয়োজনীয় প্রকল্পে অন্য উপাসক মণ্ডলীর সঙ্গে কাজ করার বিষয়ে এবং পরস্পরকে উৎসাহিত করার জন্য আপনার পরিকল্পনাকে নিশ্চিত করতে প্রার্থনা করুন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net